



**Department of
Education**

Chancellor Richard A. Carranza

প্রিয় পিতামাতা/অভিভাবক,

নিউ ইয়র্ক স্টেটের প্রাইমারি নির্বাচন হবে বৃহস্পতিবার, 13 সেপ্টেম্বর। আমাদের গণতন্ত্রের ভিত্তি হলো ভোট এবং আমাদের সিটি, স্টেট ও রাষ্ট্রের ভবিষ্যত রূপায়নে সরাসরি অংশগ্রহণে সবার জন্য এটি একটি আবশ্যিক পন্থা।

আপনি ভোটের জন্য রেজিস্টার্ড হয়ে ও কোনো রাজনৈতিক দলে যোগ দিয়ে থাকলে আমরা আপনাকে **বৃহস্পতিবার, 13 সেপ্টেম্বর, ভোট প্রদানের পরিকল্পনা করতে** উৎসাহিত করছি। সিটির সর্বত্র ভোটকেন্দ্রগুলো সকাল 6:00 টা থেকে রাত 9:00 টা পর্তন্ত খোলা থাকবে।

আপনার রেজিস্ট্রেশন ও ভোটকেন্দ্রের অবস্থান সম্পর্কে জানতে www.voting.nyc ওয়েবসাইট দেখুন বা 311 নম্বরে ফোন করুন।

আপনি এখনও ভোটের জন্য রেজিস্টার্ড হয়ে না থাকলে সাধারণ নির্বাচনের জন্য মঙ্গলবার 6 নভেম্বর পর্যন্ত রেজিস্টার করার সময় আছে। ভোটের জন্য নাম রেজিস্টার করতে www.voting.nyc ওয়েবসাইট দেখতে বা 311 নম্বরে ফোন করতে পারেন।

রিচার্ড এ. কারানজা

চ্যান্সেলর

বিল ডি ব্লাজিও

মেয়র